**বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

# সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার

## ১. ভিশন ও মিশন/ রুপকল্প ও অভিলক্ষ

**ভিশন/ রুপকল্প**

বাংলাদেশে একটি শক্তিশালী আর্থিক ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নসহ অন্যান্য সংশ্লিষ্ট অপরাধ কার্যকরভাবে প্রতিরোধ।

**মিশন/ অভিলক্ষ**

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নসহ অন্যান্য সংশ্লিষ্ট অপরাধ প্রতিরোধে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আইনি, প্রশাসনিক ও বিচারিক ব্যবস্থার কার্যকর সমন্বয় নিশ্চিত করা-

- মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংশ্লিষ্ট অপরাধের বিবর্তিত পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিদ্যমান আইনি ও নিয়মন কাঠামোর নিয়মিত হালনাগাদকরণ;
- এএমএল/সিএফটি বিষয়ে কর্মশালা, সেমিনার, জনসচেতনতামূলক কাযর্ক্রম পরিচালনা ইত্যাদির মাধ্যমে নিয়ন্ত্রক সংস্থা, আইন প্রয়োগকারী সংস্থা, রিপোর্ট প্রদানকারী সংস্থা এবং সাধারণ জনগণের মধ্যে সামগ্রিক সচেতনতা বৃদ্ধি;
- কাযর্কর গোয়েন্দা তথ্য ব্যবস্থাপনার লক্ষ্যে বিএফআইইউ এর মানব সম্পদ ও প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন;
- এএমএল/সিএফটি বিষয়ক অধিকতর পরিপালন নিশ্চিতকল্পে বিভিন্ন খাতের রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহের রিপোর্টযোগ্য বিষয়সমূহ চিহ্নিতকরণ ও রিপোর্টিং দক্ষতা তৈরি ও শক্তিশালীকরণে পদক্ষেপ গ্রহণ;
- মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংশ্লিষ্ট অপরাধের দ্রুত ও যথাযথ তদন্ত ও বিচারের লক্ষ্যে বিএফআইইউ, বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা ও বিচার বিভাগীয় সংস্থাসমূহের মধ্যে যোগাযোগ বৃদ্ধি;
- মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংশ্লিষ্ট অপরাধের বিষয়ে অধিকতর তথ্য বিনিময়ের নিমিত্তে বিদেশী এফআইইউসমূহের সাথে অভিজ্ঞতা বিনিময়, এএমএল/সিএফটি বেস্ট প্র্যাকটিস ও স্টান্ডার্ড হালনাগাদকরণের লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ বৃদ্ধি;

## ২. সেবা প্রদান প্রতিশ্রুতি

### ক) নাগরিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | জনসাধারণের নিকট হতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন বিষয়ক প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ | প্রাপ্ত অভিযোগের অভিযুক্ত ব্যক্তি, প্রতিষ্ঠান অথবা চক্র সম্পর্কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হতে প্রাথমিক তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, সরেজমিনে পরিদর্শন, (প্রযোজ্য ক্ষেত্রে) গোয়েন্দা প্রতিবেদন প্রস্তুতপূর্বক তদন্তকারী সংস্থা বরাবর প্রেরণ। | -ডাকযোগে<br>-ই-মেইল<br>-বিএফআইইউ ওয়েবসাইট | বিনামূল্যে প্রদেয় | বিএফআইইউ ম্যানুয়্যাল অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | মহাব্যবস্থাপক<br>ফোনঃ ৯৫৩০১১৮<br>ফ্যাক্সঃ ৯৫৩০০৮৯ |
| ২. | জনসচেতনতামূলক কার্যক্রম | মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে প্রচার প্রচারণা কার্যক্রম। | - | বিনামূল্যে প্রদেয় | প্রয়োজন অনুযায়ী | ঐ |

খ) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | আন্তর্জাতিক মানদন্ড ও বিবর্তনশীল অপরাধ প্রবণতা পর্যালোচনা করত রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য বিদ্যমান নীতি ও পদ্ধতি মূল্যায়ন, সংশোধন বা সংযোজন | ফাইন্যান্সিয়াল এ্যাকশন টাস্কফোর্স এর সুপারিশ পর্যালোচনা করত রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য প্রয়োজনীয় নির্দেশিকা জারী। | বিএফআইইউ ওয়েবসাইট | বিনামূল্যে প্রদেয় | বিএফআইইউ ম্যানুয়্যাল অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | মহাব্যবস্থাপক<br>ফোনঃ ৯৫৩০১১৮<br>ফ্যাক্সঃ ৯৫৩০০৮৯ |
| ২ | রিপোর্ট প্রদানকারী সংস্থা হতে গৃহীত সন্দেহজনক লেনদেন ও কার্যক্রম রিপোর্ট, নগদ লেনদেন রিপোর্ট বা অন্যান্য রিপোর্ট বিষয়ক কার্যক্রম | রিপোর্ট প্রদানকারী সংস্থা হতে রিপোর্ট সংগ্রহ, পর্যালোচনাকরত প্রয়োজনে গোয়েন্দা প্রতিবেদন প্রস্তুতপূবর্ক তদন্তকারী বরাবর প্রেরণ। | - ডাকযোগে<br>-goAML ম্যাসেজ বোর্ড | বিনামূল্যে প্রদেয় | বিএফআইইউ ম্যানুয়্যাল অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৩. | রিপোর্ট প্রদানকারী সংস্থার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক মূল্যায়ন ও সক্ষমতা বৃদ্ধি | - সিস্টেম চেক পরিদর্শনের মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নির্দেশাবলী পরিপালন মূল্যায়ন;<br>-সভা, সেমিনার, কনফারেন্স আয়োজন;<br>-বই মুদ্রণ ও বিতরণ | - ডাকযোগে<br>-ই-মেইল | বিনামূল্যে প্রদেয় | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৪. | তদন্তকারী/আইনপ্রয়োগকারী সংস্থাকে প্রদেয় সেবা | মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে নির্ধারিত তদন্তকারী/ আইনপ্রয়োগকারী সংস্থা কর্তৃক যাচিত তথ্য রিপোর্ট প্রদানকারী সংস্থা হতে সংগ্রহ, পর্যালোচনা ও প্রয়োজনে গোয়েন্দা প্রতিবেদন প্রস্তুত করে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক তদন্তকারী/ আইনপ্রয়োগকারী সংস্থাকে প্রেরণ | - ডাকযোগে<br>-ই-মেইল<br>- goAML ম্যাসেজ বোর্ড | বিনামূল্যে প্রদেয় | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৫. | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা-কে প্রদেয় সেবা | মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক যাচিত তথ্য সরবরাহ করণ। | -ডাকযোগে<br>-ই-মেইল<br>- goAML ম্যাসেজ বোর্ড | বিনামূল্যে প্রদেয় | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৬. | রিপোর্টপ্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ-কে প্রদেয় সেবা | -মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সার্বিক সহায়তা প্রদান;<br>-সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে বিভিন্ন বিষয়ে মতামত প্রদান;<br>-সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা, প্রশিক্ষণ ইত্যাদি আয়োজন। | -ডাকযোগে<br>-ই-মেইল<br>- goAML ম্যাসেজ বোর্ড | বিনামূল্যে প্রদেয় | প্রয়োজন অনুযায়ী | ঐ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭. | বিদেশী এফআইইউ-কে তথ্য আদান-প্রদান | বিদেশী এফআইইউ এর সাথে চুক্তি হয়ে থাকলে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন বা কোন সন্দেহজনক লেনদেন সম্পর্কিত তথ্যাদি উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত দেশের এফআইইউ এর সাথে আদান-প্রদান। | -Egmont Secured Weblink<br>-আন্তর্জাতিক ডাকযোগে | বিনামূল্যে প্রদেয় | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৮. | বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় | -মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থা বরাবর বাংলাদেশের প্রাইমারি কন্ট্যাক্ট পয়েন্ট হিসেবে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালন ব্যবস্থা মূল্যায়ন রিপোর্ট ও ফলো-আপ রিপোর্ট প্রণয়ন ও প্রেরণ;<br><br>-বিভিন্ন দাতা সংস্থার সাথে যৌথ উদ্যোগে সভা, সেমিনার, কর্মশালা আয়োজন। | -ডাকযোগে<br>-ই-মেইল | বিনামূল্যে প্রদেয় | উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |

**গ) অভ্যন্তরীণ সেবা**

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | কর্মকর্তা নিয়োগ | বিএফআইইউ এর চাহিদা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট বরাবর অনুরোধ | - | বিনামূল্যে প্রদেয় | প্রয়োজন অনুযায়ী | মহাব্যবস্থাপক<br>ফোনঃ ৯৫৩০১১৮<br>ফ্যাক্সঃ ৯৫৩০০৮৯ |
| ২. | তথ্য ব্যবস্থাপনা | গোপনীয় নথি সংরক্ষণ, ব্যবস্থাপনা/হালনাগাদ। | - | বিনামূল্যে প্রদেয় | প্রয়োজন অনুযায়ী | ঐ |
| ৩. | প্রাতিষ্ঠানিক কাঠামো পুনর্বিন্যাস | সেবা প্রদানে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক কাঠামো ও পদবল পরিমার্জন, পরিবর্ধন। | - | বিনামূল্যে প্রদেয় | প্রয়োজন অনুযায়ী | ঐ |
| ৪. | ট্রেনিং, কর্মশালা আয়োজন | কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশে/বিদেশে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ। | - | বিনামূল্যে প্রদেয় | প্রয়োজন অনুযায়ী | ঐ |

## ৩. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন:

| ক্রঃ | কখন যোগাযোগ করবেন | কার সাথে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিস্পত্তির |
|---|---|---|---|---|

| নং | | | | সময়সীমা |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | ফোকাল পয়েন্ট<br>মহাব্যবস্থাপক | বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়<br>মতিঝিল, ঢাকা।<br>ফোন নং-৯৫৩০১১৮<br>ফ্যাক্সঃ ৯৫৩০০৮৯ | - |

## ৪. আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রঃ নং | প্রতিশ্রুতি/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১. | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান |
| ২. | মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন অভিযোগে যতদূর সম্ভব সুনির্দিষ্টভাবে তথ্য সন্নিবেশন |
| ৩. | সেবা সম্পর্কে প্রকাশিত তথ্যাদি পর্যালোচনা করে যথাযথ ধারণা লাভের জন্য চেষ্টা করা |
| ৪. | বিদ্যমান আইন, বিধি ও বিধানের প্রতি শ্রদ্ধাশীল থেকে যথাযথভাবে অভিযোগ/পরামর্শ প্রদান করা |